

০৬

দেশের ৫৮ শতাংশ লোক শিক্ষিত

শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেছেন, বর্তমানে দেশে সাক্ষরতার হার ৫৮ শতাংশ। মন্ত্রী গত বুধবার জাতীয় সাক্ষরতা সপ্তাহের সমাপনী অধিবেশনে বক্তব্য রাখছিলেন। বাসস।

শিক্ষামন্ত্রী বলেন, দেশের প্রায় ৫৮ শতাংশ লোক এখন শিক্ষিত।

মন্ত্রী জানান, এ অর্জনের প্রেক্ষাপটে সরকার সাক্ষরতা পরবর্তী কর্মসংস্থান কর্মসূচি জোরদার করতে বর্তমানে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, নয়া সাক্ষর জনগোষ্ঠীকে দক্ষ জনশক্তিতে পরিণত করাই সরকারের লক্ষ্য। এজন্য কারিগরি এবং অন্যান্য ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের সঙ্গে উপস্থিত ছিলেন প্রাথমিক এবং গণশিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায়, বিভাগীয় সচিব ড. সাদাত হোসেন, ইউনেস্কোর স্থানীয় পরিচালক আনসার আলী খান এবং অনানুষ্ঠানিক শিক্ষা বিভাগের মহাপরিচালক বন্দুকার শহীদুল ইসলাম।